# প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী
## (Bengali)

## কর্মসূচিটি সম্পর্কে

1. Fair Fares NYC কী?
2. Fair Fares NYC কীভাবে কাজ করে?

## কারা যোগ্য

3. অংশগ্রহণ করার জন্য কারা যোগ্য?
4. আমি বর্তমানে MTA এর প্রতিবন্ধী বা প্রবীণ নাগরিক ছাড়ের MetroCard কর্মসূচিতে অংশগ্রহণ করছি। আমি কি এখনও Fair Fares NYC-তে অংশগ্রহণের যোগ্য?
5. আমার অভিবাসন স্থিতি কি এই Fair Fares NYC-তে আমার অংশগ্রহণ করার ক্ষমতাকে প্রভাবিত করবে?

## আপনার Fair Fares NYC এর ছাড়ের আবেদন এবং তার প্রাপ্তি

6. আমি কিভাবে Fair Fares NYC ছাড় এর জন্য আবেদন করতে পারি?
7. আমার আবেদন অনুমোদিত হয়েছে কিনা তা আমি কীভাবে জানতে পারব?
8. একবার অনুমোদিত হয়ে গেলে কতদিন পর্যন্ত Fair Fares NYC-তে অংশগ্রহণ করার জন্য আমি যোগ্য থাকবো?
9. কখন আমি আমার Fair Fares NYC MetroCard পাবো?
10. আমার Fair Fares NYC অনুমোদিত হয়েছিল তবে আমি ডাকযোগে সেটি পাই নি। আমার কী করা উচিত?
11. আমার nyc.gov/accessfairfares ওয়েবসাইটতে অসুবিধা হচ্ছে, কীভাবে আমি সাহায্য পেতে পারি?
12. Fair Fares NYC আবেদনপত্রটি পূরণ করতে আমার সাহায্যের প্রয়োজন। আমাকে কে সাহায্য করতে পারেন?
13. আমি একটি সাধারণ পোস্ট অফিস বক্সে চিঠি পাই। আমি কীভাবে আমার Fair Fares MetroCard পাবো?
14. আমি কীভাবে আমার চিঠি পাঠানোর ঠিকানা আপডেট করব?
15. আমার Fair Fares NYC-এর আবেদনপত্রটি অস্বীকার করা হয়েছে। আমি কীভাবে আরো তথ্য পেতে পারি?

## আবেদনের নথিপত্র কীভাবে জমা দিতে হবে এবং সেই সম্পর্কিত অন্যান্য প্রশ্নসমূহ

16. আমার বয়স, NYC এর আবাসন এবং আয় যাচাই করার জন্য আমার কোন নথিপত্র প্রয়োজন হবে?
17. আমার আবেদনের জন্য আমি কীভাবে নথিপত্র জমা দেব?
18. আমি আমার নথিপত্রগুলি জমা দেওয়ার চেষ্টা করেছিলাম, তবে সেটা কার্যকর হয়নি। আমি কীভাবে সহায়তা পেতে পারি?
19. আপনি আমার নথিপত্র পেয়েছেন কিনা তা আমি কী করে জানব?
20. আমার নথিপত্র জমা দেওয়ার কী কোনো সময়সীমা আছে?
21. সময় মতো আমার নথিপত্র জমা না দিলে কী হবে?

## আপনার Fair Fares NYC MetroCard এর ব্যবহার

22. আমার পরিবারের কোনও সদস্য বা আমার বন্ধু কি আমার Fair Fares NYC MetroCard ব্যবহার করতে পারেন?
23. আমি কি NYC-র সমস্ত সরকারি পরিবহন ব্যবস্থায় আমার Fair Fares NYC MetroCard ব্যবহার করতে পারি?
24. আমি কি একই সময় আমার Fair Fares NYC MetroCard-এ অর্থ এবং সময় লোড করতে পারি?
25. আমি কীভাবে আমার Fair Fares NYC-এ পুনর্নবীকরণ করাবো?
26. আমার Fair Fares NYC MetroCardটির মেয়াদ 30 দিনের মধ্যে শেষ হওয়ার পরিস্থিতি আসলে কী হবে?

## যোগ্যতা হারানো

27. আমি একটি বিজ্ঞপ্তি পেয়েছি যে আমি আর যোগ্য নই বলে আমার নথিভুক্তকরণ শেষ হতে চলেছে এবং আমার মনে হয় এক্ষেত্রে কোনো ভুল হয়েছে। এই বিষয়ে আমি কার সঙ্গে কথা বলতে পারি?
28. আমার যোগ্যতা নির্ধারণ পর্যালোচনা করার অনুরোধ করতে আমার কতদিন লাগবে?
29. আমার Fair Fares NYC MetroCard-টি অপব্যবহারের কারণে অথবা প্রতারণামূলক কার্যকলাপের জন্য নিষ্ক্রিয় করা হয়েছে বলে আমি বিজ্ঞপ্তি পেলে কী হবে?

## কার্ড হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়া

30. আমার Fair Fares NYC MetroCard হারিয়ে গেলে বা চুরি হয়ে গেলে আমাকে কী করতে হবে?
31. আমার কার্ডটি হারিয়ে গেলে বা চুরি হয়ে গেলে রিফান্ডের জন্য আমাকে কীভাবে অনুরোধ জানাতে হবে?
32. আমি কতবার আমার হারানো বা চুরি যাওয়া Fair Fares NYC MetroCard বদলাতে পারব?

## কার্ডটি ক্ষতিগ্রস্ত, কাজ করছে না, অথবা MetroCard ভেন্ডিং মেশিনে হারিয়ে গেছে

33. আমার Fair Fares NYC MetroCard ক্ষতিগ্রস্ত অথবা কাজ করছে না। আমি কী করব?
34. আমার Fair Fares NYC MetroCardটি একটি MetroCard ভেন্ডিং মেশিনে হারিয়ে গেছে। আমি কী করব?

## পুনর্নবীকরণ

35. কত ঘন আমাকে আমার Fair Fares NYC এর নথিভুক্তকরণ পুনরায় নতুন করে করাতে হবে?
36. কখন আমার পুনর্নবীকরণ করানো প্রয়োজন তা কি আমায় জানানো হবে?
37. আমি কীভাবে আমার Fair Fares NYC এর নথিভুক্তকরণের পুনর্নবীকরণ করাবো?
38. পুনর্নবীকরণ করার কি কোনো সময়সীমা আছে?
39. আমি পুনর্ববীকরণের সময়সীমা ধরে রাখতে না পারলে কী হবে?
40. আমি Fair Fares NYC-তে এখনও যোগ্য কিনা তা আমি কীভাবে জানব?
41. আমি কীভাবে আমার ঠিকানা অথবা গত বছরে পরিবর্তিত হওয়া অন্য কোনও তথ্য আপডেট করবো?
42. আমার নতুন ঠিকানা নিউ ইয়র্ক সিটিতে না থাকলে কী হবে?
43. আমার পুনর্নবীকরণের আবেদন জমা দেওয়ার জন্য কোন নথিপত্র আমাকে জমা দিতে হবে?
44. আমি কখন আমার Fair Fares NYC MetroCard পাবো?
45. আমার পুনর্নবীকরণের আবেদনটি একবার অনুমোদিত হয়ে গেলে কি আমি আমার বর্তমান Fair Fares NYC MetroCard ব্যবহার চালিয়ে যেতে পারবো, যদি না তখনও পর্যন্ত আমি নতুন কার্ডটি পেয়ে থাকি?

## মেয়াদ উত্তীর্ণ হওয়া কার্ড

46. কখন আমার MetroCard এর মেয়াদ শেষ হচ্ছে তা আমি কী করে জানব?
47. আমি কি মেয়াদ উত্তীর্ণ হওয়া MetroCard-এ অর্থ থাকলে সেটি ব্যবহার করতে পারি?
48. আমি কীভাবে আমার মেয়াদ উত্তীর্ণ হওয়া FFNYC MetroCard এর মধ্যে বাকি থাকা ফান্ডের ফেরৎ চাওয়ার অনুরোধ করতে পারি?
49. আমার মেয়াদ উত্তীর্ণ হওয়া Fair Fares NYC MetroCard থেকে ফান্ডগুলি কি হস্তান্তর করা যেতে পারে?
50. আমি কি কোনও নিয়মিত MetroCard থেকে আমার Fair Fares MetroCard-এ ফান্ডগুলি হস্তান্তর করতে পারি?
51. আমার Fair Fares NYC MetroCard এর মেয়াদ খুব তাড়াতাড়ি শেষ হয়ে এলে কি MTA ভেন্ডিং মেশিন তা বিনিময় করার সুযোগ দেবে, যেমন সেগুলি নিয়মিত MetroCards এর ক্ষেত্রে দিয়ে থাকে?
52. আমি কি স্টেশন এজেন্টের কাছে ব্যালেন্স হস্তান্তরের জন্য মেয়াদ উত্তীর্ণ হওয়া এবং নতুন উভয় Fair Fares NYC MetroCard-ই নিয়ে যেতে পারি?
53. আমাকে কি আমার মেয়াদ উত্তীর্ণ হওয়া Fair Fares NYC MetroCard ফেরৎ দিতে হবে?
54. আমার MetroCard-টির মেয়াদ উত্তীর্ণ হওয়ার সময় এসে গেলে কি আমি তাতে সাপ্তাহিক বা মাসিক আনলিমিটেড পাস যোগ করতে পারি?

# কর্মসূচিটি সম্পর্কে

**1. Fair Fares NYC কী?**

Fair Fares NYC একটি সিটি প্রোগ্রাম যা কম আয়সম্পন্ন নিউ ইয়র্ক বাসীদেরকে তাদের পরিবহন খরচ নির্বাহ করতে সহায়তা করার জন্য তৈরি করা হয়েছে। Fair Fares NYC-এর ডিসকাউন্ট ব্যবহার করে, নিউ ইয়র্ক সিটির যোগ্য বাসিন্দারা সাবওয়ে এবং যোগ্য বাস ভাড়ায় 50% ছাড় পান। Fair Fares, MTA অ্যাক্সেস-এ-রাইড প্যারাট্রান্সিট ট্রিপে 50% ছাড়ও দিতে পারে।

উপরে ফিরে যান

**2. Fair Fares NYC কীভাবে কাজ করে?**

Fair Fares NYC আপনাকে সাবওয়ে এবং যোগ্য বাসের ভাড়ায় অথবা অ্যাক্সেস-এ-রাইডের ভাড়ায় 50% ছাড় দেওয়ার ব্যবস্থা করে।

**সাবওয়ে ও বাসগুলি**

আপনার Fair Fares NYC MetroCard দিয়ে, আপনি অর্ধমূল্যে সাবওয়ে এবং যোগ্য বাসগুলিতে যাতায়াত করতে পারবেন! পে-পার রাইড (Pay-per-ride), সাপ্তাহিক আনলিমিটেড (weekly unlimited), এবং মাসিক আনলিমিটেড (monthly unlimited) এর বিকল্পগুলির সবক'টি Fair Fares NYC এতে উপলব্ধ।

আপনি যদি Fair Fares NYC-এতে আবেদন করে থাকেন এবং তার যোগ্য হন এবং সাবওয়ে ও বাসের ছাড় নির্বাচন করেন, তাহলে সিটি আপনাকে একটি Fair Fares NYC MetroCard দেবে। আপনি যে Fair Fares NYC MetroCardটি পাবেন সেটির মধ্যে কোনও অর্থ বা সময় থাকবে না। আপনি Fair Fares NYC MetroCard পাওয়ার পরে আপনাকে সময় বা অর্থ যোগ করতে হবে।

আপনার Fair Fares NYC MetroCard-এ সময় যোগ করার সময়, সাপ্তাহিক বা মাসিক আনলিমিটেডের বিকল্পটিতে আপনাকে বর্তমান মূল্যের অর্ধেক মূল্য ধার্য করা হবে।

আপনার অর্থ যোগ করার সময়, আপনার নির্বাচন করা অর্থের পরিমাণটি আপনি আপনার কার্ডে যোগ করবেন এবং সেটির থেকে বাসের ভাড়ার বক্সে অথবা সাবওয়ের টার্নস্টাইলে বর্তমান ভাড়ার অর্ধেক কাটা হবে| এর অর্থ হলো, আপনার Fair Fares NYC MetroCard-এ আপনি $10.00 যোগ করলে, আপনার Fair Fares NYC MetroCard-এ সম্পূর্ণ $10.00 থাকবে। প্রতিবার আপনি কার্ড সোয়াইপ করার সময় একটি একক যাত্রার জন্য আপনার থেকে শুধুমাত্র বর্তমান ভাড়ার মাত্র অর্ধেক ভাড়া ধার্য করা হবে।

আপনার Fair Fares NYC MetroCard-এ সময় বা অর্থ যোগ করতে সাবওয়ে স্টেশন বুথগুলিতে নগদ এবং MTA মেট্রোকার্ড ভেন্ডিং মেশিনে নগদ, ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড অথবা আপনার EBT কার্ড ব্যবহার করতে পারেন। সিটি জুড়ে সাবওয়ে স্টেশনগুলিতে MTA ভেন্ডিং মেশিনগুলি ছড়িয়ে আছে।

উপরে ফিরে যান

**অ্যাক্সেস-এ-রাইড**
অ্যাক্সেস-এ-রাইড এর গ্রাহকরা কোনো Fair Fares NYC MetroCard ব্যবহার করেন না; তাদের ছাড় স্বয়ংক্রিয়ভাবে প্রযোজ্য হয়!

**উপরে ফিরে যান**

## কারা যোগ্য

**3. অংশগ্রহণ করার জন্য কারা যোগ্য?**
নিউ ইয়র্ক সিটির (NYC) আবাসিকরা Fair Fares NYC-এর যোগ্য হতে পারেন যদি:

- তাদের বয়স 18 থেকে 64 বছরের মধ্যে হয় (এবং সেই নির্দিষ্ট বয়স);
- তারা Fair Fares NYC কর্মসূচির আয়ের নির্দেশিকা পূরণ করে এমন কোনো একটি পরিবারে থাকেন;
- তারা নিউ ইয়র্কের সামাজিক পরিষেবা বিভাগ/মানব সম্পদ প্রশাসন (Department of Social Services/Human Resources Administration, DSS/HRA) বা NYC এর অন্য কোনো এজেন্সির থেকে সম্পূর্ণ গাড়িভাড়া না পান; এবং,
- Fair Fares NYC এর সাবওয়ে ও বাসের ছাড় নির্বাচনের সময়, বর্তমানে অন্য কোনো পরিবহন ব্যবস্থার ছাড়ের কর্মসূচিতে অংশগ্রহণ করতে অথবা অংশগ্রহণের জন্য যোগ্য হতে পারবেন না।

**উপরে ফিরে যান**

**4. আমি বর্তমানে MTA এর প্রতিবন্ধী বা প্রবীণ নাগরিক ছাড়ের MetroCard কর্মসূচিতে অংশগ্রহণ করছি। আমি কি এখনও Fair Fares NYC-তে অংশগ্রহণের যোগ্য?**
আপনি MTA ভাড়া ছাড়ের অন্য কোনো কর্মসূচিতে অংশগ্রহণ করলে বা অংশগ্রহণের যোগ্য হলে, Fair Fares NYC এর সাবওয়ে ও বাসের ছাড় পাওয়ার যোগ্য হবেন না। আপনি http://web.mta.info/nyct/fare/rfindex.htm-এতে এই কর্মসূচিগুলি সম্বন্ধে আরও জানতে পারেন। আপনি Fair Fares NYC যোগ্যতার মানদণ্ড পূরণ করলে, আপনি অ্যাক্সেস-এ-রাইড ভাড়াগুলির উপর Fair Fares NYC ছাড় পাওয়ার জন্য যোগ্য হতে পারেন।

**উপরে ফিরে যান**

**5. আমার অভিবাসন স্থিতি কি এই Fair Fares NYC-তে আমার অংশগ্রহণ করার ক্ষমতাকে প্রভাবিত করবে?**
Fair Fares NYC আপনাকে আপনার অভিবাসন স্থিতি সম্বন্ধে জিজ্ঞাসা করবে না বা এই স্থিতি সম্পর্কে কোনও তথ্য নথিভুক্ত করবে না।

**উপরে ফিরে যান**

## আপনার Fair Fares NYC এর ছাড়ের আবেদন এবং তার প্রাপ্তি

6. **আমি কীভাবে Fair Fares NYC এর জন্য আবেদন করতে পারি?**
   সমস্ত NYC আবাসিকরা একটি Fair Fares NYC ছাড়ের আবেদন করতে পারেন। আরও জানতে ও আবেদন করতে nyc.gov/accessfairfares দেখুন।

   আপনাকে আপনার নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে ব্যক্তিগত তথ্য প্রদান করতে বলা হতে পারে:
   - পরিচয়;
   - আবাস; এবং
   - আয়।

   আপনাকে কিছু ক্ষেত্রে সহায়ক নথিপত্রও জমা দিতে হতে পারে। প্রয়োজন হতে পারে এমন নথিপত্রের একটি তালিকা দেখতে অনুগ্রহ করে nyc.gov/fairfares দেখুন।

   **উপরে ফিরে যান**

7. **আমার আবেদন অনুমোদিত হয়েছে কিনা তা আমি কীভাবে জানতে পারব?**
   একবার আপনার আবেদন জমা দেওয়া হয়ে গেলে এবং সমস্ত নথিপত্র আপলোড করা হয়ে গেলে, আপনার আবেদনটি পর্যালোচনার জন্য অনুগ্রহ করে 30 দিন পর্যন্ত অপেক্ষা করুন। আপনার আবেদনের স্থিতি দেখার জন্য আপনি আপনার nyc.gov/accessfairfares এর অ্যাকাউন্টটিতে লগ ইন করতে পারেন। আপনার আবেদনপত্রটি একবার পর্যালোচিত হয়ে গেলে আপনি ডাকযোগে একটি বিজ্ঞপ্তি পাবেন।

   **উপরে ফিরে যান**

8. **একবার অনুমোদিত হয়ে গেলে কতদিন পর্যন্ত Fair Fares NYC-তে অংশগ্রহণ করার জন্য আমি যোগ্য থাকবো?**
   আপনার আবেদনটি অনুমোদিত হওয়ার তারিখটি থেকে এক বছরের জন্য আপনি যোগ্য থাকবেন, তবে সেক্ষেত্রে যতক্ষণ পর্যন্ত আপনি যোগ্যতার মানদণ্ড পূরণ করবেন।

   **উপরে ফিরে যান**

9. **কখন আমি আমার Fair Fares NYC MetroCard পাবো?**
   একবার আপনার আবেদনটি অনুমোদিত হয়ে গেলে, আপনার Fair Fares NYC MetroCardটি ডাকযোগে মার্কিন যুক্তরাষ্ট্রের ডাকবিভাগীয় পরিষেবার মাধ্যমে সরবরাহের জন্য অনুগ্রহ করে 2 থেকে 3 সপ্তাহ সময় দিন। আপনি যদি অ্যাক্সেস-এ রাইড এর ছাড় নির্বাচন করে থাকেন তাহলে, আপনি কোনো MetroCard পাবেন না।

   **উপরে ফিরে যান**

**10. আমার Fair Fares NYC MetroCard অনুমোদিত হয়েছিল তবে আমি ডাকযোগে সেটি পাই নি। আমার কী করা উচিত?**

আপনাকে অনুমোদিত করার পরে যদি 3 সপ্তাহ পেরিয়ে গিয়ে থাকে এবং আপনি তাও আপনার Fair Fares NYC MetroCard না পেয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন অথবা অ্যাক্সেস HRA-তে রিপোর্ট করে জানান যে আপনি কখনই আপনার কার্ডটি পাননি।

**উপরে ফিরে যান**

**11. আমার nyc.gov/accessfairfares ওয়েবসাইটতে অসুবিধা হচ্ছে, কীভাবে আমি সাহায্য পেতে পারি?**

আপনার nyc.gov/accessfairfares নিয়ে কোনো প্রযুক্তিগত সমস্যা থাকলে সহায়তার জন্য অনুগ্রহ করে AccessHRAhelpdesk@hra.nyc.gov তে ইমেল করুন অথবা 311 নম্বরে ফোন করুন।

**উপরে ফিরে যান**

**12. Fair Fares NYC আবেদনপত্রটি পূরণ করতে আমার সাহায্যের প্রয়োজন। আমাকে কে সাহায্য করতে পারেন?**

Fair Fares NYC এর কেন্দ্রগুলির কোনো একটিতে যান এবং সেখানে Fair Fares NYC এর কর্মী আপনাকে আপনার আবেদনটি নিয়ে সহায়তা করবে। Fair Fares NYC এর কেন্দ্রগুলির একটি তালিকা পেতে www.nyc.gov/fairfares দেখুন এবং 'আমাদের সঙ্গে যোগাযোগ করুন'-এ ক্লিক করুন। আরো তথ্যের জন্য আপনি 311 নম্বরেও ফোন করতে পারেন।

**উপরে ফিরে যান**

**13. আমি একটি সাধারণ পোস্ট অফিস বক্সে চিঠি পাই। আমি কীভাবে আমার Fair Fares MetroCard পাবো?**

আপনার আবেদনপত্র বা পুনর্নবীকরণ করা অনুমোদিত হয়ে গেলে এবং আপনি চিঠিপত্র গ্রহণ করার জন্য NYC-র পাঁচটি বরোর মধ্যের কোনো সাধারণ পোস্ট অফিস বক্স ব্যবহার করলে, আমরা আপনার Fair Fares NYC MetroCard আপনার পিও বক্সের ঠিকানায় ডাকযোগে পাঠাবো।

**Fair Fares NYC এর কেন্দ্রসমূহ**
**সোমবার – শুক্রবার, সকাল 8:30 থেকে বিকাল 5:00 টার মধ্যে (ছুটির দিনে বন্ধ)**

**উপরে ফিরে যান**

**14. আমি কীভাবে আমার চিঠি পাঠানোর ঠিকানা আপডেট করব?**

আপনার ঠিকানা আপডেট করতে অনুগ্রহ করে nyc.gov/accessfairfares দেখুন।

**উপরে ফিরে যান**

**15. আমার Fair Fares NYC-এর আবেদনপত্রটি অস্বীকার করা হয়েছে। আমি কীভাবে আরো তথ্য পেতে পারি?**

আপনি কর্মসূচিটির যোগ্যতার মানদণ্ড পূরণ না করলে আপনার আবেদনটি প্রত্যাখ্যান করা হতে পারে। আবেদন অস্বীকারের কারণ জানতে আপনি www.nyc.gov/accessfairfares দেখতে পারেন। আপনি যে বিজ্ঞপ্তিটি পেয়েছেন তাতে আপনি Fair Fares NYC এর জন্য কেন যোগ্য নন সেটি ব্যাখ্যা করা আছে। আমরা কোনো ভুল করেছি বলে আপনার মনে হলে, আপনার আবেদনটি পর্যালোচনা করে দেখার অনুরোধ জানাতে অনুগ্রহ করে Fair Fares NYC এর কোনো অফিসে দেখা করুন অথবা 311 নম্বরে ফোন করুন।

**উপরে ফিরে যান**

## আবেদনের নথিপত্র কীভাবে জমা দিতে হবে এবং সেই সম্পর্কিত অন্যান্য প্রশ্নসমূহ

**16. আমার বয়স, NYC এর আবাসন এবং আয় যাচাই করার জন্য আমার কোন নথিপত্র প্রয়োজন হবে?**

অনুগ্রহ করে Fair Fares NYC সুপারিশকৃত নথির তালিকা (Fair Fares NYC Suggested Document List)-এর কথা উল্লেখ করুন।

**উপরে ফিরে যান**

**17. আমার আবেদনের জন্য আমি কীভাবে নথিপত্র জমা দেব?**

Fair Fares NYC এর জন্য আপনার নথিপত্র আপলোড করতে ACCESS HRA মোবাইল অ্যাপটি ব্যবহার করুন। এই ACCESS HRA অ্যাপটি ডাউনলোড করতে nyc.gov/ffdocs-তে যান, আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন এবং আপনার নথিপত্র জমা দিন। মোবাইল অ্যাপটি ব্যবহার করতে না পারলে, আপনি Fair Fares NYC এর কোনও কেন্দ্রে এসে নিজের নথিপত্র আপলোড করার জন্য সহায়তা পেতে পারেন।

**উপরে ফিরে যান**

**18. আমি আমার নথিপত্রগুলি জমা দেওয়ার চেষ্টা করেছিলাম, তবে সেটা কার্যকর হয়নি। আমি কীভাবে সহায়তা পেতে পারি?**

আপনার অ্যাকাউন্ট থেকে লগ আউট করে তারপর আবার লগ ইন করার চেষ্টা করুন। নথিপত্রগুলি প্রদর্শনের জন্য 15 মিনিট মতো সময় লাগতে পারে। আপনার এখনও সমস্যা হলে, আপনি Fair Fares NYC এর কোনও কেন্দ্রে এসে নিজের নথিপত্র আপলোড করার জন্য সহায়তা পেতে পারেন।

**উপরে ফিরে যান**

**19. আপনি আমার নথিপত্র পেয়েছেন কিনা তা আমি কী করে জানব?**

আর কী নথি এখনও প্রয়োজন এবং জমা দেওয়ার সময়সীমা দেখার জন্য nyc.gov/accessfairfares-তে গিয়ে পুনরায় আপনার অ্যাকাউন্টে লগইন করুন।

**উপরে ফিরে যান**

**20.** আমার নথিপত্র জমা দেওয়ার কী কোনো সময়সীমা আছে?
আপনার আবেদন জমা দেওয়ার পরে নিজের নথিপত্র জমা দেওয়ার জন্য আপনার কাছে 10 দিন সময় থাকে। আপনার আবেদনের স্থিতি জানতে এবং নিজের নথিপত্র জমা দেওয়ার জন্য আর কতটা সময় আছে তা দেখতে nyc.gov/accessfairfares-তে গিয়ে আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন।

**উপরে ফিরে যান**

**21. সময় মতো আমার নথিপত্র জমা না দিলে কী হবে?**
আমরা সময় মতো আপনার নথিপত্র না পেলে, আপনাকে একটি নতুন আবেদন জমা দিতে হবে।

**উপরে ফিরে যান**

## আপনার Fair Fares NYC MetroCard এর ব্যবহার

**22. আমার পরিবারের কোনও সদস্য বা আমার বন্ধু কি আমার Fair Fares NYC MetroCard ব্যবহার করতে পারেন?**
না। আপনার Fair Fares NYC MetroCard **শুধুমাত্র** আপনার ব্যক্তিগত ব্যবহারের জন্য প্রদত্ত। আপনি আপনার Fair Fares NYC MetroCard পরিবারের কোনও সদস্য বা বন্ধুদের সঙ্গে ভাগ করতে পারবেন না। আপনি এই কার্ডটি কাউকে বিক্রি করতে বা কারও সঙ্গে সোয়াইপ করে বিক্রি করতে পারবেন না। আপনি কার্ডটি কাউকে ধার দিতে পারবেন না। এই আইন লঙ্ঘন করলে তা কার্ডটির অপব্যবহার বা প্রতারণা হিসাবে বিবেচিত হবে এবং পরিণতিতে 60-দিনের জন্য আপনার Fair Fares NYC MetroCard স্থগিত করা হবে। আপনি এই নিয়মটি দ্বিতীয়বার লঙ্ঘন করলে, আপনাকে স্থায়ীভাবে Fair Fares NYC কর্মসূচি থেকে নিষিদ্ধ করা হবে।

**উপরে ফিরে যান**

**23. আমি কি NYC-র সমস্ত সরকারি পরিবহন ব্যবস্থায় আমার Fair Fares NYC MetroCard ব্যবহার করতে পারি?**
আপনি আপনার Fair Fares NYC MetroCard নিউ ইয়র্ক সিটির সাবওয়ে এবং যোগ্য বাসগুলিতে ব্যবহার করতে পারেন। আপনি এটি MTA এক্সপ্রেস এর বাসগুলিতে, লং আইল্যান্ড রেলরোড, PATH, এয়ারট্রেন (AirTrain) বা মেট্রো-নর্থে ব্যবহার করতে পারবেন **না**।

**উপরে ফিরে যান**

**24. আমি কি একই সময় আমার Fair Fares NYC MetroCard-এ অর্থ এবং সময় লোড করতে পারি?**
হ্যাঁ। আপনি আপনার Fair Fares NYC MetroCard-এ অর্থ এবং সময় দুটিই একই সঙ্গে লোড করতে পারেন। বাস ফেয়ার বক্স বা সাবওয়ে টার্নস্টাইল প্রথমে আনলিমিটেড যাত্রাগুলির মেয়াদ ব্যবহার করবে। একবার সাপ্তাহিক বা মাসিক আনলিমিটেড যাত্রার মেয়াদ শেষ হয়ে গেলে, বাস ফেয়ার বক্স বা সাবওয়ে টার্নস্টাইল অর্ধেক-ভাড়া কাটতে শুরু করবে যদি আপনার কার্ডে অর্থ থাকে।

**উপরে ফিরে যান**

### 25. আমি কীভাবে আমার Fair Fares NYC-এ পুনর্নবীকরণ করাবো?

আপনার Fair Fares NYC এর নথিভুক্তি পুনর্নবীকরণের জন্য nyc.gov/accessfairfares-তে লগ ইন করুন।

উপরে ফিরে যান

### 26. আমার Fair Fares NYC MetroCardটির মেয়াদ 30 দিনের মধ্যে শেষ হওয়ার পরিস্থিতি আসলে কী হবে?

আপনার Fair Fares NYC MetroCard এর পিছন দিকে মেয়াদ শেষ হওয়ার তারিখটি দেখুন। আপনার Fair Fares NYC MetroCardটির মেয়াদ 30 দিনের মধ্যে শেষ হলে:

- আপনি পে-পার-রাইড (pay-per-rides) এবং সাপ্তাহিক আনলিমিটেড যাত্রার জন্য অর্থ যোগ করতে পারেন।
- আপনি কোনো সাপ্তাহিক আনলিমিটেড যাতায়াতের ভাড়া কিনতে পারবেন না যদি আপনার কার্ডটির মেয়াদ 7 দিনের মধ্যে শেষ হয়।
- আপনি কোনো মাসিক আনলিমিটেড যাতায়াতের ভাড়া কিনতে পারবেন না।

উপরে ফিরে যান

## যোগ্যতা হারানো

### 27. আমি আর যোগ্য না থাকার কারণে আমার নথিভুক্তকরণ শেষ হতে চলেছে বলে আমি একটি বিজ্ঞপ্তি পেয়েছি এবং আমার মনে হয় এক্ষেত্রে কোনো ভুল হয়েছে। এই বিষয়ে আমি কার সঙ্গে কথা বলতে পারি?

আপনি আর কর্মসূচির যোগ্যতার মানদণ্ড পূরণ না করলে, এটির যোগ্যতা হারাতে পারেন। আপনার যোগ্যতা হারানোর কারণ জানতে আপনি www.nyc.gov/accessfairfares দেখতে পারেন। আপনি যে বিজ্ঞপ্তিটি পেয়েছেন তাতে আপনি Fair Fares NYC এর জন্য কেন যোগ্য নন সেটি ব্যাখ্যা করা আছে এবং কবে আপনার ছাড়ের মেয়াদ শেষ হবে সেই তারিখটি দেওয়া আছে। আমরা কোনো ভুল করেছি বলে আপনার মনে হলে, আপনার আবেদনটি পর্যালোচনা করে দেখার অনুরোধ জানাতে অনুগ্রহ করে Fair Fares NYC এর কোনো অফিসে দেখা করুন অথবা 311 নম্বরে ফোন করুন।

উপরে ফিরে যান

### 28. আমার যোগ্যতা নির্ধারণ পর্যালোচনা করার অনুরোধ করতে আমার কতদিন লাগবে?

আপনার নথিভুক্তকরণ সমাপ্ত হতে চলেছে জানিয়ে পাঠানো বিজ্ঞপ্তিটি আপনার পাওয়ার 14 দিনের মধ্যে আপনাকে অনুরোধ করতে হবে। আপনার থেকে আমরা কোনো বক্তব্য না শুনলে, আপনার ছাড়ের মেয়াদ আপনার বিজ্ঞপ্তিতে নির্দিষ্ট নির্ধারিত তারিখে শেষ হয়ে যাবে।

উপরে ফিরে যান

### 29. আমার Fair Fares NYC এর ছাড় অপব্যবহারের কারণে অথবা প্রতারণামূলক কার্যকলাপের কারণে নিষ্ক্রিয় হয়ে যাবে বলে আমি বিজ্ঞপ্তি পেলে কী হবে?

অপব্যবহার বা প্রতারণামূলক কার্যকলাপের প্রথম উদাহরণে, আপনার Fair Fares NYC এর ছাড়ে স্থগিতাদেশ দেওয়া হবে। আপনার কাছে কোনো Fair Fares NYC MetroCard থাকলে, সেটি নিষ্ক্রিয় হয়ে যাবে। আপনি Fair Fares NYC এর যোগ্যতা হারাবেন এবং আপনি 60 দিনের জন্য Fair Fares NYC-তে অংশগ্রহণ করতে পারবেন না। ষাট দিন অতিক্রম হওয়ার পরে আপনাকে পুনরায় আবেদন করতে হবে এবং পুনরায় Fair Fares NYC এর ছাড় পাওয়ার জন্য আপনাকে যোগ্য প্রমাণ করতে হবে। দ্বিতীয়বার অপব্যবহার বা প্রতারণামূলক কার্যকলাপের পর এই কর্মসূচিতে অংশগ্রহণ করার ক্ষেত্রে আপনি স্থায়ীভাবে অযোগ্য বলে বিবেচিত হবেন এবং আপনার কাছে কোনো Fair Fares NYC MetroCard থাকলে সেটি নিষ্ক্রিয় হয়ে যাবে। আপনার কোনো প্রশ্ন থাকলে 311 নম্বরে ফোন করতে পারেন।

**উপরে ফিরে যান**

## কার্ড হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়া

### 30. আমার Fair Fares NYC MetroCard হারিয়ে গেলে বা চুরি হয়ে গেলে আমাকে কী করতে হবে?

nyc.gov/accessfairfares -তে গিয়ে আপনার অ্যাকাউন্টে লগ ইন করে এবং 'হারিয়ে যাওয়া বা চুরি যাওয়া FFNYC MetroCard সম্বন্ধে রিপোর্ট করুন' অংশে ক্লিক করুন। আপনার হারিয়ে যাওয়া অথবা চুরি হয়ে যাওয়ার কার্ডের ব্যাপারে রিপোর্ট করতে স্ক্রিনে দেওয়া নির্দেশিকা অনুসরণ করুন। হারিয়ে যাওয়া অথবা চুরি যাওয়া কার্ডের রিপোর্ট করতে আপনি 311 নম্বরে ফোনও করতে পারেন। এই তথ্য NYC ট্রানজিটে (NYC Transit, NYCT) পাঠানো হয়। NYCT কার্ডটি বাতিল করে দেবে। আপনি এখনও Fair Fares NYC-এর যোগ্য থাকায় হারানো বা চুরি হওয়ার রিপোর্ট করার 2-3 সপ্তাহ পরে আপনি একটি নতুন Fair Fares NYC MetroCard ডাকযোগে পাবেন।

**উপরে ফিরে যান**

### 31. আমার কার্ডটি হারিয়ে গেলে বা চুরি হয়ে গেলে রিফান্ডের জন্য আমাকে কীভাবে অনুরোধ জানাতে হবে?

আপনার হারিয়ে যাওয়া অথবা চুরি যাওয়া কার্ডের রিপোর্ট করার জন্য nyc.gov/accessfairfares-তে গিয়ে আপনার অ্যাকাউন্টে লগ ইন করার পরে অথবা 311 নম্বরে ফোন করার পরে NYC ট্রানজিটের (NYCT) 511 নম্বরে ফোন করুন কোনো ডেবিট, ক্রেডিট, বা EBT কার্ড দিয়ে কেনা 30-দিনের আনলিমিটেড Fair Fares NYC MetroCards রিফান্ডের জন্য অনুরোধ করতে। কার্ডে কোনো অবশিষ্ট দিন থাকলে এটি তার জন্য রিফান্ড প্রক্রিয়া আরম্ভ করবে।

NYCT নিম্নলিখিতগুলির জন্য কোনও রিফান্ড প্রদান **করে না**:

- নগদ অর্থে কেনা কোনো Fair Fares NYC MetroCard, এবং
- হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়া 7-দিনের আনলিমিটেড বা পে-পার-রাইড Fair Fares NYC MetroCard।

শুধুমাত্র কোনো ডেবিট, ক্রেডিট, বা EBT কার্ড দিয়ে কেনা 30-দিনের আনলিমিটেড Fair Fares NYC MetroCards রিফান্ডের যোগ্য। অর্থ ফেরতের পর্যালোচনার জন্য যোগ্য হতে 30-দিনের আনলিমিটেড যাত্রা মেয়াদের শেষ হওয়ার আগে আপনাকে অবশ্যই NYCT-এর 511 নম্বরে ফোন করতে হবে।

NYCT কার্ড অ্যাকাউন্ট পর্যালোচনা করে এবং আপনি আপনার হারানো বা চুরি হওয়া কার্ডের জন্য যে তারিখে তাদের 511 নম্বরে ফোন করেছিলেন সেই তারিখ থেকে রিফান্ডের গণনা করে। কার্ডে কোনো অব্যবহৃত দিন থাকলে, অবশিষ্ট সম্পূর্ণ দিনগুলির NYCT আপনার ক্রেডিট বা EBT কার্ডে একটি ক্রেডিট ইস্যু করবে। কিছু পরিস্থিতিতে, আপনি ডেবিট কার্ড দিয়ে পেমেন্ট করে থাকলে, Fair Fares NYC কর্মসূচির কাছে থাকা আপনার ঠিকানায় NYCT রিফান্ডে অর্থরাশির একটি চেক ডাকযোগে পাঠিয়ে দেবে। আপনি একটি পঞ্জীবর্ষের মধ্যে NYCT-এর কাছে অতীতে দুই বা ততোধিকবার MetroCards হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়ার রিপোর্ট করে থাকলে, আপনি কোনো রিফান্ড পাবেন না। দ্বিতীয়বার দাবি প্রক্রিয়াকরণ করা হলে রিফান্ডের অর্থ থেকে প্রশাসনিক মূল্য স্বরূপ $5 কাটা হবে।

উপরে ফিরে যান

**32. আমি কতবার আমার হারানো বা চুরি যাওয়া Fair Fares NYC MetroCard বদলাতে পারব?**

আপনি আপনার হারিয়ে বা চুরি যাওয়া Fair Fares NYC MetroCardটি প্রতি পঞ্জীবর্ষে একবার বদলাতে পারবেন।

আপনার Fair Fares NYC MetroCard হারিয়ে গেলে বা চুরি গেলে আপনি রিফান্ড বা নতুন কার্ড পাবেন কিনা তা মনে রাখতে এই চার্টটি ব্যবহার করুন।

| Fair Fares NYC- হারানো বা চুরি হওয়া কার্ডগুলির রিফান্ড প্রক্রিয়া | | | |
|---|---|---|---|
| **FAIR FARES METROCARD** | **নগদ অর্থ** | **ক্রেডিট/ডেবিট/EBT** | **কার্ড বদল** |
| **পে-পার রাইড** | কোনো নগদ অর্থে Fair Fares NYC MetroCard এর জন্য অর্থ পরিশোধ করা হলে NYCT তার রিফান্ড ইস্যু করবে না। | NYCT রিফান্ড করবে না | প্রতি পঞ্জীবর্ষে কেবলমাত্র একবার।<br>আপনি 2টি উপায়ের মধ্যে একটির সাহায্যে প্রতিস্থাপিত কার্ডটি পেতে পারেন:<br>– ডাকযোগে 2-3 সপ্তাহের মধ্যে;<br>**অথবা**<br>– এটি হারিয়ে যাওয়ার বা চুরি হওয়ার আপনার রিপোর্ট করার তারিখের পর থেকে যে কোনও 5টি কার্য দিবসের মধ্যে যে কোনও Fair Fares NYC কেন্দ্রে। |
| **7- দিনের আনলিমিটেড Fair Fares MetroCard** | | NYCT রিফান্ড করবে না | |
| **30- দিনের আনলিমিটেড Fair Fares MetroCard** | | NYCT ব্যালেন্স প্রোটেকশন প্রোগ্রাম (Balance Protection Program, BPP) ক্রেডিট, ডেবিট বা EBT দিয়ে কেনা 30 দিনের Fair Fares MetroCardগুলির জন্য অনুমোদিত রিফান্ড দেবে | |

উপরে ফিরে যান

## কার্ডটি ক্ষতিগ্রস্ত, কাজ করছে না, অথবা MetroCard ভেন্ডিং মেশিনে হারিয়ে গেছে

**33. আমার Fair Fares NYC MetroCard ক্ষতিগ্রস্ত অথবা কাজ করছে না। আমি কী করব?**

কোনো ক্ষতিগ্রস্ত বা অকার্যকর Fair Fares NYC MetroCard চালু করতে কোনো Fair Fares NYC কেন্দ্রে যান। আপনি আপনার কার্ডটি ফেরৎ দিলে, Fair Fares NYC আপনাকে একটি নতুন কার্ড দেবে। আপনার প্রতিস্থাপিত কার্ডটিতে কোনও অর্থ থাকবে না।

রিফান্ড পাওয়ার জন্য আপনাকে কোনও পদক্ষেপ নিতে হবে না। রিফান্ডের অর্থরাশি নির্ধারণ করার জন্য NYCT একটি পর্যালোচনা করবে, যদি তা থাকে।

আপনি যদি কোনো রিফান্ড পাবার যোগ্য হন এবং আপনার পাসটি ক্রেডিট বা EBT কার্ড দিয়ে কিনে থাকেন, তাহলে NYCT আপনার ক্রেডিট বা EBT কার্ডে একটি ক্রেডিট ইস্যু করবে। আপনি নগদ অর্থে বা ডেবিট কার্ডে অর্থ প্রদান করে থাকলে, Fair Fares NYC কর্মসূচির কাছে থাকা আপনার ঠিকানায় NYCT রিফান্ডের অর্থের পরিমাণের একটি চেক ডাকযোগে পাঠাবে।

**উপরে ফিরে যান**

**34. আমার Fair Fares NYC MetroCardটি একটি MetroCard ভেন্ডিং মেশিনে হারিয়ে গেছে। আমি কী করব?**

nyc.gov/accessfairfares -তে গিয়ে আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন এবং ‘হারিয়ে যাওয়া বা চুরি যাওয়া FFNYC MetroCard সম্বন্ধে রিপোর্ট করুন’ অংশে ক্লিক করুন। আপনার MetroCardটির কী হয়েছে তা আমাদের জানাতে ‘মেশিনে হারিয়ে গেছে’ বিকল্পটি নির্বাচন করুন। আপনার কাছে MetroCard ভেন্ডিং মেশিনের নম্বরটি থাকলে, অনুগ্রহ করে আমাদের বলুন। মেশিনে হারিয়ে যাওয়া কার্ডের রিপোর্ট করতে আপনি 311 নম্বরে ফোনও করতে পারেন। এই তথ্য NYC ট্রানজিটে (NYC Transit, NYCT) পাঠানো হয়। NYCT কার্ডটি বাতিল করে দেবে। আপনি এখনও Fair Fares NYC-এর জন্য যোগ্য থাকায় হারানো বা চুরি হওয়ার রিপোর্ট করার 2-3 সপ্তাহ পরে আপনি একটি নতুন Fair Fares NYC MetroCard ডাকযোগে পাবেন।

**উপরে ফিরে যান**

## পুনর্নবীকরণ

**35. কত ঘন আমাকে আমার Fair Fares NYC এর নথিভুক্তকরণ পুনরায় নতুন করে করাতে হবে?**

আপনাকে আপনার Fair Fares NYC এর নিবন্ধনটি বছরে একবার পুনর্নবীকরণ করাতে হবে। পুনর্নবীকরণ করা Fair Fares NYC ছাড় পেতে আপনাকে নতুন করে পুনর্নবীকরণের সময় সেটির যোগ্য হতে হবে।

**উপরে ফিরে যান**

**36. কখন আমার পুনর্নবীকরণ করানো প্রয়োজন তা কি আমায় জানানো হবে?**

হ্যাঁ। যখন পুনর্নবীকরণের সময় আসবে তখন আমরা Fair Fares NYC-তে আপনার দেওয়া ডাকযোগে চিঠি পাঠাবার ঠিকানায় আপনাকে একটি বিজ্ঞপ্তি ডাকযোগে পাঠাবো। আপডেট এবং সময়সীমাগুলির জন্য যেকোনও সময় আপনি আপনার Fair Fares NYC এর হোম পেজে নজর রাখতে পারেন।

**উপরে ফিরে যান**

**37. আমি কীভাবে আমার Fair Fares NYC এর নথিভুক্তকরণের পুনর্নবীকরণ করাবো?**

অনলাইনে পুনর্নবীকরণ করাতে nyc.gov/fairfares দেখুন। আপনাকে তখনও অবশ্য আপনার Fair Fares NYC কর্মসূচির নিবন্ধন পুনর্নবীকরণ করাতে Fair Fares NYC এর যোগ্যতার আবশ্যিক শর্ত পূরণ করতে হবে।

**উপরে ফিরে যান**

**38. পুনর্নবীকরণ করার কি কোনো সময়সীমা আছে?**

হ্যাঁ, পুনর্নবীকরণের বিজ্ঞপ্তিতে পুনর্নবীকরণের জন্য আপনার সময়সীমা বলা থাকবে। আপনি সময়সীমার মধ্যে পুনর্নবীকরণ না করালে, আপনি নতুন আবেদন জমা দিতে পারেন। আপনার নিবন্ধন সম্বন্ধীয় তথ্যের জন্য আপনার Fair Fares NYC এর হোম পেজ দেখুন।

**উপরে ফিরে যান**

**39. আমি পুনর্ববীকরণের সময়সীমা ধরে রাখতে না পারলে কী হবে?**

আপনি আপনার পুনর্নবীকরণের সময়সীমা ধরে রাখতে না পরালে, আপনাকে নতুন আবেদন জমা দিতে হবে। ফলস্বরূপ, আপনার নতুন MetroCard বর্তমানটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরে এসে উপস্থিত হতে পারে অথবা আপনার অ্যাক্সেস-এ-রাইড এর ছাড়ে একটি বিরতি পড়তে পারে।

**উপরে ফিরে যান**

**40. আমি Fair Fares NYC-তে এখনও যোগ্য কিনা তা আমি কীভাবে জানব?**

আপনার যোগ্যতা দেখতে nyc.gov/fairfares-তে যান। আপনাকে তখনও অবশ্য আপনার Fair Fares NYC কর্মসূচির নিবন্ধন পুনর্নবীকরণ করাতে Fair Fares NYC এর যোগ্যতার আবশ্যিক শর্ত পূরণ করতে হবে।

**উপরে ফিরে যান**

**41. আমি কীভাবে আমার ঠিকানা অথবা গত বছরে পরিবর্তিত হওয়া অন্য কোনও তথ্য আপডেট করবো?**

আপনি যেকোনও সময় অনলাইনে আপনার অ্যাকাউন্টে গিয়ে আপনার ঠিকানা আপডেট করতে পারেন। আপনি আপনার পুনর্নবীকরণের আবেদন nyc.gov/fairfares-তে জমা দেওয়ার সময় আপনার প্রোফাইলের অন্যান্য তথ্য আপডেট করতে পারেন।

**উপরে ফিরে যান**

**42. আমার নতুন ঠিকানা নিউ ইয়র্ক সিটিতে না থাকলে কী হবে?**
কেবলমাত্র নিউ ইয়র্ক সিটির আবাসিকরা Fair Fares NYC-এর যোগ্য।

**উপরে ফিরে যান**

**43. আমার পুনর্নবীকরণের আবেদন জমা দেওয়ার জন্য কোন নথিপত্র আমাকে জমা দিতে হবে?**
অনুগ্রহ করে Fair Fares NYC ওয়েবসাইট-এ থাকা আবশ্যক নথিপত্রের তালিকার উল্লেখ করুন।

**উপরে ফিরে যান**

**44. আমি কখন আমার Fair Fares NYC MetroCard পাবো?**
আপনি সময় মতো পুনর্নবীকরণ করালে এবং তখনও যোগ্য থাকলে, আপনার পুরোনো FFNYC MetroCard এর মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগে আপনি একটি নতুন Fair Fares NYC MetroCard পাবেন।

**উপরে ফিরে যান**

**45. আমার পুনর্নবীকরণের আবেদনটি একবার অনুমোদিত হয়ে গেলে কি আমি আমার বর্তমান Fair Fares NYC MetroCard ব্যবহার চালিয়ে যেতে পারবো, যদি না তখনও পর্যন্ত আমি নতুন কার্ডটি পেয়ে থাকি?**
হ্যাঁ। আপনি আপনার বর্তমান Fair Fares NYC MetroCard-টির মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত সেটির ব্যবহার চালিয়ে যেতে পারবেন। এই কার্ডটির পিছন দিকে মেয়াদ শেষ হওয়ার তারিখটি পাবেন।

**উপরে ফিরে যান**

## মেয়াদ উত্তীর্ণ হওয়া কার্ড

**46. কখন আমার MetroCard এর মেয়াদ শেষ হচ্ছে তা আমি কী করে জানব?**
এই কার্ডটির পিছন দিকের উপরের অংশে মেয়াদ শেষ হওয়ার তারিখটি দেওয়া থাকে।

**উপরে ফিরে যান**

**47. আমি কি মেয়াদ উত্তীর্ণ হওয়া MetroCard-এ অর্থ থাকলে সেটি ব্যবহার করতে পারি?**
না, মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলে MetroCard কাজ করবে না। আপনার কার্ডে নগদ অর্থ ভরার আগে মেয়াদ শেষ হওয়ার তারিখটি দেখে নিতে ভুলবেন না। কার্ডে কোনো নগদ অর্থ থেকে গেলে আপনাকে রিফান্ডের অনুরোধ করতে হবে, তাই আগে থেকে পরিকল্পনা করুন এবং কেবলমাত্র সেইটুকুই যোগ করুন যা আপনি মেয়াদ শেষ হওয়ার তারিখের আগে খরচ করতে পারবেন।

**উপরে ফিরে যান**

**48. আমি কীভাবে আমার মেয়াদ উত্তীর্ণ হওয়া FFNYC MetroCard এর মধ্যে বাকি থাকা ফান্ডের ফেরৎ চাওয়ার অনুরোধ করতে পারি?**

আপনার কার্ডটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরে সেটিতে নগদ অর্থ থাকলে, আপনি সেটি যেকোনও Fair Fares NYC কেন্দ্রে নিয়ে আসতে পারেন। NYC ট্রানজিট (NYC Transit, NYCT)-কে অবশ্যই DSS-এর থেকে মেয়াদ উত্তীর্ণ হওয়ার দু'বছরের মধ্যে MetroCard গ্রহণ করতে হবে, যে মেয়াদের তারিখটি আপনার MetroCard এর পিছনদিকে ছাপানো ছিল। আমরা NYCT-কে জানাবো যে আমাদের কাছে আপনার কার্ডটি আছে এবং তারপর তারা রিফান্ডের পরিমাণ নির্ধারণ করবে, যদি থাকে। অনুগ্রহ করে NYCT-এর কাছে আপনার MetroCard ফেরৎ পাঠাবেন না/ডাকযোগে পাঠাবেন না। এটি করলে আপনার রিফান্ডের প্রক্রিয়ায় দেরি হয়ে যাবে। আপনি যদি কোনো রিফান্ড পাবার যোগ্য হন এবং আপনার পাসটি ক্রেডিট বা EBT কার্ড দিয়ে কিনে থাকেন, তাহলে NYCT আপনার ক্রেডিট বা EBT কার্ডে একটি ক্রেডিট ইস্যু করবে। আপনি নগদ অর্থে বা ডেবিট কার্ডে অর্থ প্রদান করে থাকলে, Fair Fares NYC কর্মসূচির কাছে থাকা আপনার ঠিকানায় NYCT রিফান্ডের অর্থের পরিমাণের একটি চেক ডাকযোগে পাঠাবে।

**উপরে ফিরে যান**

**49. আমার মেয়াদ উত্তীর্ণ হওয়া Fair Fares NYC MetroCard থেকে ফান্ডগুলি কি আমার প্রতিস্থাপিত MetroCard-এ হস্তান্তর করা যেতে পারে?**

না। আপনার বর্তমান Fair Fares NYC MetroCard থেকে ফান্ডগুলি আপনার নতুন কার্ডে হস্তান্তর করা যাবে না। আপনাকে অবশ্যই আপনার কার্ডটি Fair Fares NYC এর কোনও কেন্দ্রে ফেরৎ দিতে হবে এবং রিফান্ডের জন্য অনুরোধ করতে হবে।

**উপরে ফিরে যান**

**50. আমি কি কোনও নিয়মিত MetroCard থেকে আমার Fair Fares MetroCard-এ ফান্ডগুলি হস্তান্তর করতে পারি?**

না, কোনও নিয়মিত MetroCard থেকে একটি Fair Fares NYC MetroCard-এ ফান্ডগুলি হস্তান্তর করা সম্ভব নয়।

**উপরে ফিরে যান**

**51. আমার Fair Fares NYC MetroCard এর মেয়াদ খুব তাড়াতাড়ি শেষ হয়ে এলে কি MTA ভেন্ডিং মেশিন বা স্টেশন বুথ তা বিনিময় করার সুযোগ দেবে, যেমন সেগুলি নিয়মিত MetroCards এর ক্ষেত্রে দিয়ে থাকে?**

না, Fair Fares NYC MetroCards বিশেষ করে আপনার জন্য নির্ধারিত এবং শুধুমাত্র Fair Fares NYC কর্মসূচি এটি ইস্যু করতে পারে।

**উপরে ফিরে যান**

**52. আমি কি স্টেশন এজেন্টের কাছে ব্যালেন্স হস্তান্তরের জন্য মেয়াদ উত্তীর্ণ হওয়া এবং নতুন উভয় Fair Fares NYC MetroCard-ই নিয়ে যেতে পারি?**

না। স্টেশন এজেন্টরা FFNYC এর জন্য ফান্ডগুলি হস্তান্তর করতে পারেন না।

**উপরে ফিরে যান**

**53.** আমাকে কি আমার মেয়াদ উত্তীর্ণ হওয়া Fair Fares NYC MetroCard ফেরৎ দিতে হবে?
না, আপনার রিফান্ড প্রয়োজন হলেই শুধুমাত্র আপনাকে Fair Fares NYC এর কোনো কেন্দ্রে MetroCardটি ফেরৎ দিতে হবে। রিফান্ডের জন্য কোনো অনুরোধ কার্ডটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার 2 বছরের মধ্যে করতে হবে।

**উপরে ফিরে যান**

**54. আমার MetroCard-টির মেয়াদ উত্তীর্ণ হওয়ার সময় এসে গেলে কি আমি তাতে সাপ্তাহিক বা মাসিক আনলিমিটেড পাস যোগ করতে পারি?**
আপনার MetroCard টির মেয়াদ আগামী 30 দিনের মধ্যে শেষ হয়ে আসলে, MTA ভেন্ডিং মেশিন অথবা স্টেশন বুথ আপনার কার্ডে কোনও মাসিক আনলিমিটেড পাশ আপনাকে যোগ করতে দেবে না। আপনার MetroCardটির মেয়াদ আগামী 7 দিনের মধ্যে শেষ হয়ে আসলে, MTA ভেন্ডিং মেশিন অথবা স্টেশন বুথ আপনার কার্ডে কোনও সাপ্তাহিক আনলিমিটেড পাশ আপনাকে যোগ করতে দেবে না।

**উপরে ফিরে যান**

**Fair Fares NYC কর্মসূচি সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকলে অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন। Fair Fares NYC কর্মসূচি সম্পর্কে আরও তথ্যের জন্য আপনি nyc.gov/fairfares -এও দেখতে পারেন।**